৪৬.০৫.০০০০.৪৪৩.২২.০১১.২৪-১-২০২৪০৭১৬_১৪৪৪২৮

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভান্ডার বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভান্ডার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪৩.২২.০১১.২৪ নথির বিষয়: Destroying of dengue carried aedes mosquito larvae by scattering bleaching powder, kerosene etc. under Store Division, Dhaka WASA

নোট: ১ নোটের বিষয়: **Destroying of dengue carried aedes mosquito larvae by scattering bleaching powder, kerosene etc. under Store Division, Dhaka WASA**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৮/৭/২৪ ৬:৫৭ অপরাহ্ণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাস্থ ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মড্স জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডার বিভাগে জমা প্রদান করা হয়। পরবর্তীতে ভান্ডার বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। উক্ত মূল্যবান মালামালসমূহ বিভিন্ন সময়ে ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মড্স জোন, রাজস্ব জোন ও অফিসের উদ্ধর্তন কর্মকর্তাবৃন্দ ও পরামর্শক প্রতিষ্ঠানের দেশি/বিদেশি কর্মকর্তাবৃন্দ পরিদর্শন করে থাকেন। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্প কর্তৃক ব্যবহৃত পুরাতন ও নষ্ট এবং ব্যবহার অনুপযোগী মালামালগুলো এম.আর.এস এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। সাম্প্রতিক বর্ষা মৌসুমে ভান্ডার বিভাগের বিভিন্ন জায়গায় ময়লা-আবর্জনা ও পানি জমে থাকার ফলে এডিস মশার লার্ভা হতে মশার আবাসস্থল ও মশার প্রজননস্থল সৃষ্টি হয়ে এডিস মশার বংশ বিস্তার করতে পারে। ডেঙ্গু বাহিত এডিস মশা যাতে ভান্ডার বিভাগের অফিস কম্পাউন্ড ও গোডাউনের চারপাশে বংশ বিস্তার করতে না পারে সেজন্য অভিযান পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত অভিযান পরিচালনার জন্য দৈনিক মজুরি ভিত্তিক শ্রমিক, কেরোসিন, ব্লিচিং পাউডার, মাস্ক, সাবান, স্যান্ডেল সংগ্রহ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৮/৭/২৪ ৬:৫৮ অপরাহ্ণ

উপরোক্ত বর্ণনার আলোকে "Destroying of dengue carried aedes mosquito larvae by scattering bleaching powder, kerosene etc. under Store Division, Dhaka WASA" শীর্ষক কাজের জন্য একটি প্রাক্কলন (সংযুক্তি-৪) প্রস্তুত করা হ'ল। পূর্বানুমোদিত দর (সংযুক্তি-৩) ও বর্তমান বাজার দরের ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ২৪,৬৭০.০০ (চব্বিশ হাজার ছয় শত সত্তর) টাকা মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের অফিস দালান রক্ষণাবেক্ষণ খাত (কোড: ০১-০৪-০০৭) হতে বহন করা হবে (সংযুক্তি: ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট বরাদ্দের কপি)। কাজটি অতীব জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তিসমূহ (৫):

১। ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট বরাদ্দের কপি.
২। পরিচ্ছন্নতা কার্যক্রম পালন প্রসঙ্গে পত্র.
৩। পূর্বানুমোদিত দর.
৪। প্রাক্কলন.
৫। প্রতিবেদন.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৮/৭/২৪ ৬:৫৮ অপরাহ্ণ

এমতাবস্থায়, “Destroying of dengue carried aedes mosquito larvae by scattering bleaching powder, kerosene etc. under Store Division, Dhaka WASA” শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ২৪,৬৭০.০০ (চব্বিশ হাজার ছয় শত সত্তর) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

৮/৭/২৪ ৭:০২ অপরাহ্ণ
পল সরকার
উপ-সহকারী প্রকৌশলী
ভাণ্ডার বিভাগ

~~৮/৭/২৪ ৭:০২ অপরাহ্ণ~~
~~মোঃ ছরোয়ার হোসেন খান~~
~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~ভাণ্ডার বিভাগ~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৯/৭/২৪ ১১:২৯ পূর্বাহ্ণ

আলোচ্য কাজের প্রাক্কলিত ব্যয় ২৪,৬৭০.০০ (চব্বিশ হাজার ছয় শত সত্তর) টাকা মাত্র ভাণ্ডার বিভাগের চলতি ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের “অফিস রক্ষণাবেক্ষণ” খাত (কোড: ০১-০২-০১২) হতে বহন করা হবে (https://dwasa-d.nothi.gov.bd/#)। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৯/৭/২৪ ১১:৩১ পূর্বাহ্ণ

এমতাবস্থায়, উপরোক্ত বিস্তারিত বর্ণনার আলোকে অনুচ্ছেদ-১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

৯/৭/২৪ ১১:৩৪ পূর্বাহ্ণ
মোঃ ছরোয়ার হোসেন খান
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ভাণ্ডার বিভাগ

১১/৭/২৪ ১০:৪০ পূর্বাহ্ণ
মোঃ ইকবাল আহমেদ মজুমদার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস এম ডব্লিউ সি সার্কেল

~~১১/৭/২৪ ১০:৪০ পূর্বাহ্ণ~~
~~মুস্তাফিজুর রহমান~~
~~প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১১/৭/২৪ ৫:৩৩ অপরাহ্ণ

Okay

১১/৭/২৪ ৫:৩৩ অপরাহ্ণ
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষনাবেক্ষণ)

১৪/৭/২৪ ১০:৫৯ পূর্বাহ্ণ
মোঃ ইকবাল আহমেদ মজুমদার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস এম ডব্লিউ সি সার্কেল

১৪/৭/২৪ ১১:৪১ পূর্বাহ্ণ
মোঃ ছরোয়ার হোসেন খান
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ভাণ্ডার বিভাগ

১৪/৭/২৪ ১২:৪৫ অপরাহ্ণ
পল সরকার
উপ-সহকারী প্রকৌশলী
ভাণ্ডার বিভাগ